মাগুরায় শিশু আছিয়া খাতুনের বাড়ীতে ড. শফিক

মাগুরায় আলোচিত শিশু আছিয়া খাতুনের কবর জিয়ারত, দো’য়া মাহফিলে যোগদান ও আছিয়ার বাড়িতে শনিবার আমীরে জামায়াত ডা. শফিকুর রহমান ছুটে যান।

স্থানীয় সোনাইকুন্ডী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দো’য়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে আমীরে জামায়াত ডা. শফিকুর রহমান বলেন, কোরআনের আইন চালু হলে ন্যায় বিচার নিশ্চিত হবে বলেই আমরা লড়াই করছি। তিনি আরো বলেন, ৯০ দিনের ভিতরে মামলার বিচার করে রায় কার্যকর দেখতে চাই। ৯১ দিন যেন পার না হয়।

জেলা আমীর অধ্যাপক এম বি বাকেরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ডা. সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর-কুষ্টিয়া অঞ্চলের পরিচালক মোঃ মোবারক হোসাইন।

জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মোঃ ইব্রাহিম বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা জামায়াতে ইসলামীর সাবেক আমীর ও যশোর-কুষ্টিয়া অঞ্চলের সহকারী পরিচালক আলহাজ্ব আব্দুল মতিন, জেলা সেক্রেটারি অধ্যাপক সাইদ আহমেদ বাচ্চু, জেলা জামায়াতে ইসলামীর সাবেক নায়েবে আমীর হাফেজ মাওলানা লিয়াকত আলী খান, সহকারী সেক্রেটারি আব্দুল গাফফার, অফিস সেক্রেটারি মোঃ খায়রুল ইসলাম, যুব সেক্রেটারি অধ্যাপক রবিউল ইসলাম, শ্রমিক নেতা অধ্যাপক মশিউর রহমান, সাবেক ছাত্রনেতা বি এম এরশাদুল্লাহ অহিদ, জেলা জামায়াতের অমুসলিম নেতা উত্তম কুমার বিশ্বাস, মাগুরা সদর উপজেলা আমীর অধ্যাপক ফারুক হুসাইন, মুহাম্মদপুর উপজেলা আমীর নূর আহমদ, শ্রীপুর উপজেলা আমীর অধ্যাপক মাওলানা ফখরুদ্দিন মিজান, শালিখা উপজেলা আমীর অধ্যাপক আফসার আলী ও ইসলামী ছাত্র শিবিরের জেলা সেক্রেটারি মোঃ জুবায়ের হোসেন।

আমীরে জামায়াতের আগমনে দো’য়া মাহফিলকে কেন্দ্র করে সোনাইকুন্ডী সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ এলাকা লোকেলোকারণ্য হয়ে পড়ে।